যুগান্তর

তারিখ 09 OCT 2008

# শিক্ষক নিবন্ধন পরীক্ষা এক মাস পেছাল

যুগান্তর রিপোর্ট

চতুর্থ শিক্ষক নিবন্ধন পরীক্ষা এক মাস পিছিয়েছে। আগামী ১৭ ও ১৮ অক্টোবরের পরিবর্তে ১৪ ও ১৫ নভেম্বর অনুষ্ঠিত হবে এ পরীক্ষা। তবে পরীক্ষার সময়সূচি ও অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে। ১৪ নভেম্বর সকালে স্কুল পর্যায়ের আবশ্যিক এবং বিকালে ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা। পরের দিন একইভাবে সকাল-বিকালে আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের কলেজ পর্যায়ের পরীক্ষা নেয়া হবে।

বুধবার এ পরীক্ষা গ্রহণকারী সরকারি প্রতিষ্ঠান বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসি) এক বিজ্ঞপ্তিতে জানায়, দিনাজপুর, রংপুর, বগুড়া, রাজশাহী, পাবনা, কুষ্টিয়া, যশোর, খুলনা, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, ঢাকা, ফরিদপুর, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, রাঙ্গামাটি, বরিশাল, পটুয়াখালী এবং সিলেট কেন্দ্রের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে পরীক্ষার ভেন্যু/উপকেন্দ্র হিসেবে ঘোষণা করা হয়েছে। পরীক্ষার এক সপ্তাহ আগে কেন্দ্রে সংযুক্তিসহ প্রার্থীদের নাম প্রকাশ করা হবে।